



সেন্টার ফর এ্যাকশন রিসার্চ-বারিন্দ “সিএআরবি” Centre for Action Research-Barind “CARB”

রেজি নং : সমাজসেবা অধিদপ্তর, রাজশা-৫২০/৯৮, এমআরএ সনদ নং : ০২০৪৭-০০৫৬৫-০০১৭০

স্মারক : সিএআরবি/পক/২০২৫/১০১/২৬-০

তারিখ: ০৮/০২/২০২৫খ্রি:

অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার ঋণ কার্যক্রমে গতিশীলতা আনায়নের লক্ষ্যে শাখা পর্যায়ে সংশ্লিষ্ট এলাকার এলাকা ব্যবস্থাপক, শাখা ব্যবস্থাপক এবং একজন জেষ্ঠ কর্মকর্তার (ফিল্ড অফিসার/সহস্ত্র হিসাবরক্ষণ কর্মকর্তা) সমবয়ে ৩ (তিনি) জন স্বাক্ষরকারীর মধ্যে যে কোন ২(দুই) জনের যৌথ স্বাক্ষরে ব্যাংক থেকে টাকা উত্তোলন করার ক্ষমতা প্রদান করা হয়। ব্যাংক থেকে টাকা উত্তোলনের প্রয়োজন হলে চাইদ্বা অনুমোদনপূর্বক চেক ইস্যু করা হলে চেক ইস্যু রেজিস্টারে লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট ব্যাংক স্বাক্ষরকারীদের মধ্যে যে দুই জন স্বাক্ষরকারী চেকে স্বাক্ষর করেছেন সে দুইজন কর্মকর্তা ব্যাংকে উপস্থিতি থেকে টাকা উত্তোলন করার বিধান রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, শাখাগুলোতে ব্যাংকের চেক বই সংরক্ষণ ও ব্যাংক থেকে টাকা উত্তোলনে কোন নিয়ম মান হচ্ছে না। ব্যাংকের চেক বই একটি গুরুত্বপূর্ণ ডকুমেন্টস হলেও অনেক ক্ষেত্রে দেখা যায় চেক বইটি আলমারিতে সংরক্ষণ না করে অফিসের ব্যবহৃত চেবিলের ড্রয়ারে অরাফিতভাবে রাখা হচ্ছে। ফলে ব্যাংক লেনদেনে দৃঢ়টিনা ঝুকি বেড়ে যাচ্ছে। প্রত্যেকটি অফিসের আলমারীতে লকার থাকলেও আলমারীতে ব্যাংক চেক বই সংরক্ষণ করা হচ্ছে না। এমতাবস্থায়, ব্যাংক চেক সংরক্ষণ ও লেনদেনে নিম্নলিখিত নির্দেশাবলী মেনে চলার জন্য নির্দেশ দেয়া হলো:

- ১। ব্যাংক স্বাক্ষরকারীর উপস্থিতি ছাড়া তৃতীয় কোন কর্মকর্তার মাধ্যমে বেয়ারার চেকে টাকা উত্তোলন সংস্থার চাকরিবিধিমালা অনুযায়ী নতুনীয় অপরাধ। অথচ, বেশিরভাগ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক স্বাক্ষরকারী ছাড়া শাখার অন্যান্য কর্মী হারা টাকা উত্তোলন করা হচ্ছে। ফলে, শাখাগুলোর ব্যাংক লেনদেনে অব্যবস্থাপনার কারণে কর্মীকর্তৃক চুরি এবং আত্মাতের ঘটনা ঘটছে। সেহেতু, চেকে স্বাক্ষরকারীর ব্যাংকে উপস্থিতি ছাড়া টাকা উত্তোলন না করার জন্য বলা হলৈ।
- ২। ব্যাংকের চেক বই ও চেক ইস্যু রেজিস্টার অবশ্যই আলমারীর লকারে সংরক্ষণ এবং চেকে স্বাক্ষরকারী ছাড়া তৃতীয় কোন কর্মকর্তার দ্বারা ব্যাংক থেকে টাকা উত্তোলন করা হলে সংশ্লিষ্ট এলাকার এলাকা ব্যবস্থাপক, শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট স্বাক্ষরকারীগণ দায়ী থাকবেন। লেনদেনে কোন ধরণের দৃঢ়টিনা ঘটলে তার সম্মত টাকা সংশ্লিষ্টদের সংস্থাকে পরিশোধ করতে হবে এবং তাদের বিলক্ষে তদন্তপূর্বক চাকরিচুতির মতো গুরুদণ্ডের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩। ঋণ গ্রহীতাদের একাউন্টস পে/বেয়ারার চেক প্রদান করা হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা তার ব্যাংক হিসাবের মাধ্যমে কিংবা বিশেষ ক্ষেত্রে নিজ দায়িত্বে টাকা উত্তোলন করতে পারবে।

অতএব, ব্যাংক চেক বই ও চেক ইস্যু রেজিস্টার আলমারীর লকারে সংরক্ষণ এবং ব্যাংক লেনদেনে স্বাক্ষরকারীগণের উপস্থিতিতে টাকা উত্তোলন ও জমা করার জন্য কঠোরভাবে নির্দেশ দেয়া হলৈ।

বিষয়টি অতীব জরুরী এবং গুরুত্বপূর্ণ।

মোহা. আবুলুর রকিব ০৮/০২/২০২৫ খ্রি।
প্রধান নির্বায়ী কর্মকর্তা
সেন্টার ফর এ্যাকশন রিসার্চ বারিন্দ “সিএআরবি”
রাজশাহী।

সদয় অবগতির জন্য:

- ১। সভাপতি, কার্যনির্বাহী পরিষদ, সিএআরবি, রাজশাহী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। পরিচালক (প্রশাসন), সিএআরবি, রাজশাহী।
- ২। সময়স্থানীয় (কার্যক্রম ও মানবসম্পদ), সিএআরবি, রাজশাহী।
- ৩। সহস্ত্র সময়স্থানীয় (ক্রেনিং এন্ড ডেভলপমেন্ট, ক্ষুদ্রখণ, অর্থ ও হিসাব) (সকল), সিএআরবি, রাজশাহী।
- ৪। ব্যবস্থাপক (অডিট, যোগাযোগ), সিএআরবি, রাজশাহী।
- ৫। এলাকা ব্যবস্থাপক, সকল, সিএআরবি, রাজশাহী।
- ৬। শাখা ব্যবস্থাপক (সকল), সিএআরবি, রাজশাহী।
- ৭। ফিল্ড অফিসার (সকল), সিএআরবি, রাজশাহী।
- ৮। অফিস কপি।

প্রধান কার্যালয় : হোল্ডিং নং- ৩৫, তেরখানিয়া (নূর মসজিদের দক্ষিণে), সেনানিবাস সড়ক, রাজশাহী সেনানিবাস, রাজপাড়া, রাজশাহী।
টেলিফোনঃ ০২-৫৮৮৮৫৬৫০৫, ০২-৫৮৮৮৫৬৫০৬, মোবাইলঃ ০১৩২৯-৬৩০৮৮৪, ই-মেইলঃ carbbd@gmail.com. ওয়েবঃ www.carb-bd.com.